**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date 21-09-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) আজ মহালয়া। পিতৃপক্ষের অবসানে সূচনা হতে চলেছে বাঙ্গালীর প্রাণের শারোদৎসবের।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে সেবা পক্ষকাল পালনের অঙ্গ হিসাবে বিজেপি আজ নম ম্যারাথনের আয়োজন করেছে। ভারতকে নেশামুক্তির পথে এগিয়ে দিতেই এই কর্মসূচী বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য জানিয়েছেন।

৩) এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে হেফাজতে নেওয়ার ইডির আবেদনে রায়দান স্থগিত রেখেছে বিশেষ আদালত।

৪) পথশ্রী প্রকল্পের আওতায় নতুন রাস্তা তৈরি ও মেরামতির জন্য মুখ্য সচিব, জেলাগুলিকে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছেন।

৫) মৌসুমী অক্ষরেখার প্রভাবে বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে রাজ্যের বিভিন্ন জেলায় আজও বৃষ্টির পূর্বাভাস।

---

আজ মহালয়া। পিতৃপক্ষের অবসান। সূচনা হতে চলেছে বাঙালীর প্রাণের শারোদৎসবের।

INSERT

মহালয়ার সকাল থেকেই রাজ্য জুড়ে গঙ্গার ঘাটে ঘাটে এবং বিভিন্ন জলাশয়ে শুরু হয়েছে পিতৃ তর্পণ। একটি প্রতিবেদন

ভিসি অভিরুপ

বাঙালির চিরন্তন ঐতিহ্য মেনে আজকের ভোর শুরু হয়েছে, আকাশবাণীর মহিষাসুরমর্দিনী দিয়ে। বাণীকুমার রচিত, পঙ্কজকুমার মল্লিক সুরারোপিত ও বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রর গ্রন্থনা সমৃদ্ধ এই অনুষ্ঠানটি পুরনো রেকর্ডিং থেকে শোনানো হয়ে থাকে। এবার ১৯৭২ সালে রেকর্ড করা অনুষ্ঠান শ্রোতাদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে।

-----------------

চা বনিকসভা সংগঠন ইন্ডিয়ান টি প্ল্যান্টার্স অ্যাসোসিয়েশন এর আওতাধীন উত্তরবঙ্গের তিন জেলার চা বাগানগুলিতে কর্মরত বাগিচা শ্রমিকদের জন্যে উৎসব বোনাসের হার চূড়ান্ত হয়েছে। আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও দার্জিলিং এর ৫০ একর আয়তনের কম জমিযুক্ত বাগানগুলির জন্যে ১২ দশমিক ৭৫ শতাংশ এবং তার বেশি আয়তনের বাগানগুলির শ্রমিকদের ১৩ দশমিক ৭৫ শতাংশ হারে বোনাস দেওয়া হবে বলে শ্রম দপ্তর সূত্রে জানা গিয়েছে। এর ফলে সব মিলিয়ে ১২২টি বাগানে কর্মরত প্রায় ৩০ হাজার শ্রমিক বোনাস চুক্তির আওতায় আসবেন। শ্রমিকদের ২১২ টাকা দৈনিক মজুরির উপরে ভিত্তি করে সারা বছর আয়ের উপরে আগামী বৃহস্পতিবারের মধ্যে এই বোনাস মিটিয়ে দেওয়া হবে বলে ঠিক হয়েছে।

-----------------

বিজেপি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে সেবা পক্ষকাল পালনের অঙ্গ হিসেবে আজ 'নম ম্যারাথনে'র আয়োজন করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য

জানিয়েছেন, সমাজের সব স্তরের মানুষ এই ম্যারাথনে অংশ নেবেন। বিজেপি কর্মীরাও সেখানে উপস্থিত থাকবেন। প্রতিবছরের মতো এবছরও প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে ১৭ই সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষকাল পালন করা হচ্ছে। এবছর নবতম সংযোজন হলো নম ম্যারাথন। ভারত যাতে নেশা মুক্তির পথে এগিয়ে যেতে পারে তার জন্য এই উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাকেও নেশা মুক্ত করতে সারা দেশের সঙ্গে এরাজ্যেও কলকাতা ও শিলিগুড়িতে এই নম ম্যারাথনের আয়োজন করা হয়েছে। সকাল সাতটায় স্বামী বিবেকানন্দের বাড়ি থেকে শ্যামবাজারে নেতাজি মূর্তির পদদেশ পর্যন্ত এই ম্যারাথন আয়োজন করা হয়েছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান প্রমূখ এই ম্যারাথনে উপস্থিত আছেন।

অন্যদিকে রাজ্য সভাপতি মহালয়া উপলক্ষে রাজ্যবাসীকে অভিনন্দন জানিয়েছেন। এক ভিডিও বার্তায় তিনি পুজোর সময় সবাইকে ভালো থাকার বার্তা দেন।

----------------

হেরে যাবার ভয় থেকেই রাজ্যের শাসকদল পরিকল্পিতভাবে নবদ্বীপে বিজেপি কর্মী সঞ্জয় ভৌমিককে খুন করেছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। গতকাল কল্যাণী এইমসে নিহত কর্মীর প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন বিরোধী দল নেতা। শুভেন্দু বাবু বলেন, রাজ্য পুলিশ রাজনৈতিক রঙ দেখে কাজ করে। রাজ্যে আইনশৃঙ্খলা নেই, বলেও তিনি অভিযোগ করেন।

----------------

ভোট চুরি রুখতে এবং শাসকদল তৃণমূল কংগ্রেস ও বিজেপির বিরুদ্ধে মানুষকে একজোট করার জন্য কংগ্রেস রাজ্য জুড়ে ব্লক ও মহকুমাস্তরে শীঘ্রই "ভোটার অধিকার সম্মেলন" এর আয়োজন করবে। গতকাল বহরমপুরে যোগদান অনুষ্ঠানে অংশ নিয়ে বরিষ্ঠ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী একথা জানিয়েছেন। প্রায় ১ হাজার জন এদিন কংগ্রেসের পতাকা হাতে তুলে নেন। সাধারণ মানুষের পাশাপাশি সামাজিক কাজের সঙ্গে যুক্ত অনেকেই কংগ্রেসে যোগ দিয়েছেন বলে অধীরবাবু জানান।

----------------

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রী চন্দ্রনাথ সিনহাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করার এনফোর্সমেন্ট নির্দেশালয় ED-র আবেদনে রায়দান স্থগিত রেখেছে বিশেষ আদালত। আগামী মঙ্গলবার রায় ঘোষণা করবেন বিচারক শুভেন্দু সাহা। নিয়োগ দুর্নীতি মামলায় কারামন্ত্রী কে ৭ দিনের হেফাজতে চেয়ে আবেদন করেন ইডির আইনজীবী। তিনি আদালতে সওয়াল করেন, নিয়োগ দুর্নীতিতে মন্ত্রীর যোগ এর ব্যপারে তাকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। বেশ কিছু আর্থিক লেনদেনের ব্যপারে চন্দ্রনাথ সহযোগিতা করছেন না বলেও দাবি করেন তিনি। হেফাজতের বিরোধিতা করেন চন্দ্রনাথের আইনজীবী।

এদিকে নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত বিধায়ক জীবনকৃষ্ণ সাহার পিসি মায়া সাহাকে গতকাল ফের জিজ্ঞাসাবাদ করেছে ইডি। সাইথিয়া পুরসভার কাউন্সিলার মায়া সাহাকে আয়ের উৎস সম্পর্কে জিজ্ঞাসাবাদ করেন তদন্তকারীরা।

----------------

সেবা ও সুশাসনের ভাবনায়, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের অগ্রগতি এবং রূপান্তরের লক্ষ্যে সরকার কাজ করে চলেছে। আজ, সেবা পর্বের বিশেষ সিরিজে আমরা তুলে ধরব কিভাবে মোদী সরকার কর প্রদান প্রক্রিয়াকে সরল করার পাশাপাশি নিশ্চিত পেনশনের ব্যবস্থা করেছে।

একটি প্রতিবেদন

----------------

নতুন রাস্তা তৈরি ও মেরামতির জন্য রাজ্য সরকারের পথশ্রী প্রকল্পের চতুর্থ পর্যায়ের সূচনা হতে চলেছে। মুখ্য সচিব মনোজ পন্থ জেলাগুলিকে এব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছেন। উৎসবের মরশুম শেষ হলেই ফের এই প্রকল্পের কাজ শুরু হয়ে যাবে বলে প্রশাসনিক সূত্রের খবর। এপর্যন্ত তিনদফায় এই প্রকল্পে রাজ্যে ২২ টি জেলায় মোট ৩৭ হাজার কিলোমিটার রাস্তা নির্মাণ ও মেরামত করা হয়েছে। চলতি আর্থিক বর্ষের বাজেটে পথশ্রী প্রকল্পের আরও দেড় হাজার কোটি টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার।

----------------

পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে মহিলা স্বাস্থ্যকর্মীকে ধর্ষণের ঘটনায় জাতীয় মহিলা কমিশনের একটি দল গতকাল সেখানে যায়। অর্চনা মজুমদারের নেতৃত্বে দলের সদস্যরা ৪০ জনের বেশি মানুষের বয়ান রেকর্ড করেছেন। কথা বলেন নির্যাতিতার সঙ্গেও। শ্রীমতি মজুমদার বলেন, হাসপাতালে পর্যাপ্ত CCTV নেই। অভিযুক্ত ব্যক্তি হাসপাতালে দীর্ঘদিন ধরে সিন্ডিকেট চালাচ্ছিলেন।

আগেই জানানো হয়েছে, গত ১৪ই সেপ্টেম্বর রাতে পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে এক মহিলা স্বাস্থ্যকর্মীকে ধর্ষণের অভিযোগে ফেসিলিটি ম্যানেজার জাহির আব্বাস খানকে পুলিশ গ্রেপ্তার করে।

----------------

মৌসুমী অক্ষরেখার প্রভাবে বাতাসে জলীয় বাষ্পের আধিক্যের কারণে উত্তরের জেলাগুলিতে আজও বৃষ্টির পূর্বাভাস। দক্ষিণবঙ্গের কলকাতা, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, নদীয়া, হুগলী, দুই ২৪ পরগণা এবং দুই মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টি হতে পারে।

----------------

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে এক তৃণমূল কংগ্রেস নেতার মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। কমলপুর এলাকার বাসিন্দা নিখিল নায়েক নামে ঐ ব্যক্তির দেহ গলায় ফাঁস লাগানো অবস্থায় তার বাগান বাড়ি থেকে উদ্ধার হয়। পুলিশ দেহ উদ্ধার করতে গেলে অভিযুক্তকে গ্রেপ্তারের দাবিতে প্রায় ঘন্টা তিনেক বিক্ষোভ দেখায় স্থানীয়রা। পরে রাজ্যের মন্ত্রী প্রদীপ মজুমদার সেখানে যান। তিনি পূর্ণাঙ্গ তদন্তের আশ্বাস দিয়েছেন। রাজনৈতিক কারণেই নিখিল নায়েককে খুন করা হয়েছে বলে অভিয়োগ করেছে তৃণমূল কংগ্রেস।

--------------- ----------------